

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখঃ ০৮ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ / ২২ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং- ৪১ — আইন/২০২৫/২৭৭-মুসক।- জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৪৯ এবং ধারা ১২৭খ এর সহিত পঠিতব্য এ প্রদত্ত ক্ষমতাবলে, উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার বিধি ৩ এর উপ-বিধি (২) এর ছকের কলাম (১) এ উল্লিখিত-

(ক) ক্রমিক নং ০১ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ডিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ডিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

০১.	S০০১.১০	এসি হোটেল	১৫%
	S০০১.১০	নন এসি হোটেল	১০%
	S০০১.২০	রেস্তোরাঁ (বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের তালিকাভুক্ত তিন তারকা বা তদুর্ধ্ব মানের আবাসিক হোটেলে অবস্থিত রেস্তুরেন্ট, মদের বার সম্বলিত হোটেলে অবস্থিত রেস্তুরেন্ট এবং মদের বার আছে এমন রেস্তুরেন্ট ব্যতীত)	৫%

”; এবং

(খ) ক্রমিক নং ০৩ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ডিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ডিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

০৩.	S০০৩.১০	মোটর গাড়ির গ্যারেজ ও ওয়ার্কশপ	১০%
-----	---------	---------------------------------	-----

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(ব্যারিস্টার মোঃ বদরুজ্জামান মুন্সী)
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)